

রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রশাসন শাখা
১, কাওরান বাজার, ঢাকা।
www.epb.gov.bd



নং ২৬.০২.০০০০.০০৬.৩১.১৩১.২১-৮৩২

তারিখঃ ৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

রপ্তানি উন্নয়ন ব্যুরোর তদন্তকারী জনাব মোঃ আমির হোসেন মোল্লা এর জন্ম তারিখ ৩১-১২-১৯৫৭ খ্রিঃ অনুসারে তাঁর চাকুরি ৫৯ বছর পূর্তিতে ৩১-১২-২০১৬ খ্রিঃ হতে ৩০-১২-২০১৭ খ্রিঃ পর্যন্ত ১ বছর অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ শেষে তিনি গত ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ মাসিক পেনশন ও আনুতোষিকের আওতায় ব্যুরোর চাকুরি হতে চূড়ান্ত অবসর গ্রহণ করেন। ব্যুরোতে তাঁর পেনশনযোগ্য চাকুরিকাল ১৪-০৩-১৯৮৫ হতে ৩০-১২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩২ বছর ০৯ মাস ১৬ দিন।

০২। ব্যুরোর অর্থ ও হিসাব শাখা কর্তৃক প্রদত্ত শেষ বেতন প্রত্যয়ন পত্র (ইএলপিসি) অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর আওতায় অবসরপ্রাপ্ত তদন্তকারী জনাব মোঃ আমির হোসেন মোল্লা এর আহরিত পেনশনযোগ্য মূল বেতন টাঃ ২৬,১২০/- মাত্র অনুসারে মোট পেনশন ও আনুতোষিক বাবদ পাওনা নিম্নরূপঃ

(ক) পেনশনযোগ্য চাকুরিকাল	: ৩২ বছর ০৯ মাস ১৬ দিন।
(খ) পেনশনযোগ্য মূল বেতন	: টাঃ ২৬,১২০/-
(গ) গ্রস পেনশন	: টাঃ ২৬,১২০/- এর ৯০% = ২৩,৫০৮/- টাকা।
(ঘ) নীট পেনশন (গ্রস পেনশনের ৫০%)	: টাঃ ২৩,৫০৮ ÷ ২ = ১১,৭৫৪/- টাকা।
(ঙ) এককালীন আনুতোষিক	: টাঃ ১১,৭৫৪ × ২৩০ = ২৭,০৩,৪২০/-
(চ) ঋণ/অন্যান্য খাতে ব্যুরোর পাওনা	: টাঃ নাই
(ছ) পরিশোধযোগ্য আনুতোষিক	: টাঃ ২৭,০৩,৪২০/-
(জ) প্রাপ্য মাসিক পেনশন	: টাঃ ১১,৭৫৪/-

০৩। তদন্তকারী জনাব মোঃ আমির হোসেন মোল্লা এর অনুকূলে আনুতোষিক বাবদ টাঃ ২৭,০৩,৪২০/- (সাতাশ লক্ষ তিন হাজার চারশত বিশ) মাত্র এবং ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ থেকে মাসিক পেনশন ভাতা টাঃ ১১,৭৫৪/- (এগারো হাজার সাতশত চুয়ান্ন) মাত্র পরিশোধের মঞ্জুরী প্রদান করা হলো। তিনি সরকার কর্তৃক নির্ধারিত হারে চিকিৎসা ভাতা, উৎসব ভাতা ও বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন।


২৩/১২/২০২১

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

সচিব (উপসচিব)

ফোনঃ ৫৫০১৩৪২০

ই-মেইল: secy@epb.gov.bd

বিতরণ কার্যার্থে :

০১। উপপরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (পেনশন আবেদন ফরম এবং সংশ্লিষ্ট কাগজপত্র/ডুকমেন্টস অত্রসাথ প্রেরণ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০২। কল্যাণ কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৩। জনাব মোঃ আমির হোসেন মোল্লা, স্থায়ী ঠিকানা: গ্রামঃ বর্ণি, পোষ্টঃ বর্ণি, থানাঃ টুংগীপাড়া, জেলাঃ গোপালগঞ্জ।
- ০৪। এপিআরও টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। পিএ টু মহাপরিচালক-১/২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথি।